# ঢাকা, দিনাজপুর, যশোর, সিলেট-২০১৮

## ইসলাম শিক্ষা প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৪ | ৯ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | মান — ৭০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]

১. ▶ মুনিরা ও সারাহ শিক্ষার বিষয়বস্তু নিয়ে আলোচনা করেছিল। মুনিরা বললো, ন্যায়ের ওপর প্রতিষ্ঠিত থাকা ও চারিত্রিক উৎকর্ষের জন্য শিক্ষা অতীব প্রয়োজন। সারাহ বললো, আল্লাহর দ্বীনকে সমুন্নত রাখা, মানবতার বিকাশ এবং সুন্দর জীবনযাপনের জন্য মহানবী (স.) বলেছেন, "প্রত্যেক মুসলমান নর-নারীর প্রতি বিদ্যা শিক্ষা করা ফরজ।"

ক. সংস্কৃতির আরবি শব্দ কী? ১

খ. মক্তব শিক্ষা প্রয়োজন কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের মুনিরার বক্তব্য কোন শিক্ষার প্রতি ইঙ্গিত করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. সারাহর শেষ উক্তির মাধ্যমে যে শিক্ষার প্রতি দৃষ্টি দেয়া হয়েছে তার গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

২. রাবেয়া বেগম অত্যন্ত দ্বীনদার ও আল্লাহওয়ালা মহিলা। তিনি সব ধরনের অবৈধ বস্তু বর্জন করে চলেন। শুধু তাই নয়, তিনি এমন বৈধ বস্তুও বর্জন করেন, যেগুলো সন্দেহযুক্ত। পক্ষান্তরে তার ছোট বোন রাবেতা ব্যক্তিগত জীবনে খুবই উদাসীন। বৈধ, অবৈধ সবকিছুই তার কাছে সমান। একদিন রাবেয়া তার ছোটবোনকে বললো, "সতর্ক জীবনযাপন না কলে তোমার শেষ পরিণতি ভাল হবে না।" রাবেতা বড় বোনের কথায় কোন গুরুত্ব দেয়নি।

ক. সালাত শব্দের অর্থ কী? ১

খ. 'সব কাজের সূচনায় বিসমিল্লাহ বলতে হয়'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে রাবেয়ার কর্মকাণ্ড ইমাম গাজ্জালি (র) দৃষ্টিতে কোন স্তরের? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে রাবেতার কর্মকাণ্ডের পরিণতি কী হতে পারে? কোরআন হাদিসের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩. ▶ আব্দুস সালাম গোলাপুর ইউনিয়নের চেয়ারম্যান। তার আচার-আচরণ ও ইনসাফের কারণে বিগত চারবার তিনি একই পদে নির্বাচিত হয়েছেন। তার স্ত্রী নাছিমা একদিন চেয়ারম্যানের সাথে আলাপচারিতায় জানান, পাশের বাড়ির কামরুলের বোনের আচরণ ও চলাফেরা ভাল নয়। হঠাৎ একদিন চেয়ারম্যানের কাছে বিচার আসলো, তার প্রতিবেশী কামাল সাহেব ফরমালিন মিশিয়ে মাছ বিক্রি করে। তখন চেয়ারম্যান বিষয়টি খতিয়ে দেখবেন বলে জানান।

ক. সুদ কী? ১

খ. 'আত্মীয়তার সম্পর্ক ছিন্নকারী জান্নাতে প্রবেশ করবে না'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে নাছিমার আলাপচারিতায় সামাজিক জীবনের কোন দিকটি ফুটে উটেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. কামাল সাহেবের কর্মটি চিহ্নিত কর এবং এর সামাজিক কুফল বিশ্লেষণ করো। ৪

৪. ▶ জনাব 'ক' এর আচার-আচরণ, কথাবার্তা সব কিছুই আপত্তিকর। তার চলাফেরায় যেমন অহংকারপূর্ণ তেমনি তার পোশাক পরিচ্ছদও অশালীন। বড়দের সে সম্মান করে না, ছোটদের সে স্নেহ করে না। পক্ষান্তরে জনাব 'খ' এর আচার-আচরণ 'ক' এর সম্পূর্ণ বিপরীত। তার জীবনপদ্ধতি একটি আদর্শ জীবন পদ্ধতি।

ক. ইসলাম শিক্ষা কী? ১

Teachingbd24.com

খ. 'ইসলাম শিক্ষা তাওহিদভিত্তিক'— ব্যাখ্যা করো। ২
গ. জনাব 'ক' এর কর্মকাণ্ডে কিসের অভাব পরিলক্ষিত হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে জনাব 'খ' এর আচার-আচরণের গুরুত্ব ইসলামের আলোকে বিশ্লেষণ করো। ৪

৫. জনাব হাসান ও মিসেস হাসানের একমাত্র সন্তান নাহিদ। প্রাচুর্যে ও আদরে সে বড় হয়ে উঠেছে। কিন্তু আদব-কায়দা শিষ্টাচারের বড় অভাব। ধর্মীয় বিধি বিধান যেমন মানে না তেমনি শরিয়াতের শিক্ষাও তার নেই। নাহিদ বর্তমানে সংসারে কোনো সময় দেয় না। পিতামাতা কোনো কথা বললে তাদের সংগে খারাপ ব্যবহার করে। শেষ বয়সে সন্তানের কারণে সমাজে তারা অপদস্ত হচ্ছেন।

ক. পরিবার কাকে বলে? ১
খ. ইসলামে পরিবারের কর্তা পিতা কেন? ব্যাখ্যা করো। ২
গ. জনাব হাসান ও মিসেস হাসান কী দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে নাহিদের কর্মকাণ্ড কি তুমি সমর্থন কর? সামাজিক জীবনে এর প্রভাব বিশ্লেষণ করো। ৪

৬. "A" একটি বহুজাতিক স্বাধীন রাষ্ট্র। জনগণের মধ্যে মুসলমানের সংখ্যা বেশি হলেও এদেশে নানা ধর্মের ও বর্ণের লোক বসবাস করে আসছে। মৌলিক অধিকার নিশ্চিতকরণসহ দেশের মধ্যে সাম্প্রদায়িক সম্প্রীতি বিদ্যমান। এর কারণে "A" নামক রাষ্ট্র প্রধান প্রথম লিখিত সংবিধানকে মাপকাঠি করে দেশ পরিচালনা করেন। পার্শ্ববর্তী রাষ্ট্রে "B" তে জনগণের মধ্যে অশান্তি বিরাজ করছে। সাম্প্রদায়িক দাঙ্গা প্রায় সময়ই লেগে থাকে। ক্ষুদ্র ক্ষুদ্র জাতি গোষ্ঠীরা তাদের অধিকার থেকে বঞ্চিত হয়।

ক. মজলিশে-শুরা কী? ১
খ. 'ধর্মের ব্যাপারে কোনো জবরদস্তি নেই'— ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে "A" নামক রাষ্ট্রটি কোন ধরনের রাষ্ট্রের সংগে মিল আছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "B" নামক রাষ্ট্রে অশান্তির কারণ সম্পর্ক তুমি কী মনে কর? বিশ্লেষণ করো। ৪

৭. রাজন ও রিপন দুই বন্ধু। রাজন সবসময় ভাল ও বৈধ কাজের সংগে জড়িত থাকে এবং সদা সত্য কথা বলে। অন্যদিকে রিপন অনলাইনে নকল পণ্য আসল বলে বিক্রয়ের মাধ্যমে মানুষকে ঠকায়। রাজন তাকে এ কাজটি করতে নিষেধ করলে, রিপন তার কথা শুনে না। কিছুদিন পর রাজন রিপনের সংগ ত্যাগ করলো।

ক. গণশিক্ষা কী? ১
খ. 'ধুমপান বিষপান'— ব্যাখ্যা করো। ২
গ. রিপনের কাজটি কিসের শামিল? তার পরিণতি ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে রাজনের শেষ পদক্ষেপ কী সঠিক? তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

৮. মামুন তার পৈত্রিক সম্পত্তি চাষাবাদের কাজে একটি গভীর নলকূপ স্থাপনের জন্য প্রচলিত ব্যবস্থায় পরিচালিত একটি ব্যাংক থেকে পাঁচ লক্ষ টাকা ঋণ নিয়েছেন। মামুনের নলকূপের পানি দিয়ে গ্রামের কৃষকরা অধিক ফসল উৎপাদন করতে পারছেন। নাফিজ তার বাড়িটি মর্টগেজ দিয়ে লাভ লোকসানের ভিত্তিতে পরিচালিত একটি ব্যাংক হতে বিশ লক্ষ টাকা ঋণ নিয়ে একটি পোশাক তৈরির কারখানা দিয়েছেন। সেখানে গ্রামের অনেক ব্যক্তি ঋণ দিয়ে উপার্জন করেন।

https://teachingbd24.com

ক. ওশর শব্দের অর্থ কী? ১
খ. 'জাকাত ধনী ও গরীবের মধ্যে সেতু'— ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে মামুনের ঋণ নেয়া ব্যাংকটি কেমন? ব্যাখ্যা করো। ৩
ঘ. নাফিজ যে ব্যাংক থেকে ঋণ নিয়েছেন সে ব্যাংকের বৈশিষ্ট্য বিশ্লেষণ করো। ৪

৯. ▶ শিহাব সাহেব সহকর্মী মনিরুল হককে বললেন, "প্রত্যেক মুসলমান ভাই ভাই।" তাই অমুসলিমদের সাথে উকৃষ্ট কোনো সম্পর্ক স্থাপন করা ঠিক হবে না। এ কথা শুনে মনিরুল হক বলেন, "সত্যিই কি তাই? আমিতো জানি সব মানুষ একই আদম (আ.) এর পরিবার পরিজন। তাই পৃথিবীর শান্তির জন্য সবার সাথে উত্তম ব্যবহার করা উচিত।"

ক. পরিবেশ কী? ১
খ. 'খিদমতে খালক জান্নাত লাভের একটি পথ'— ব্যাখ্যা করো। ২
গ. শিহাব সাহেবের ধারণাটি ইসলামের দৃষ্টিতে কেমন? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে মনিরুল হকের বক্তব্যের সাথে তুমি কী একমত? যুক্তি দিয়ে বিশ্লেষণ করো। ৪

১০. ▶ সজিব ও নাছিম একই স্কুল হতে এসএসসি পরীক্ষা দিয়েছে। তাদের হাতে প্রচুর অবসর সময় আছে এবং সেই সময়টাকে তারা ইসলামের প্রচার ও প্রসারের জন্য কাজে লাগাতে চায়। তাদের এক বন্ধু লিটন পাহাড়ের গাছ কর্তন করে বিক্রি করার মাধ্যমে প্রচুর অর্থ উপার্জনের পথ পেয়ে, সে পথে চলে যায়।

ক. উম্মাহ শব্দের অর্থ কী? ১
খ. 'ইসলামী রাষ্ট্র কোরআন ও সুন্নাহভিত্তিক'— ব্যাখ্যা করো। ২
গ. সজিব ও নাসিমের চিন্তা ভাবনা কিসের ইংগিত বহন করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে লিটনের কর্মকাণ্ডের পরিণতি ও তা থেকে পরিত্রাণের উপায় বিশ্লেষণ করো। ৪

১১. ★ শফি ও আনিছ একই এলাকায় বসবাস করেন। শফি সব মৌলিক এবাদত যথাযথভাবে পালন করেন। আনিছ সালাত আদায় করেন। কিন্তু প্রচুর সম্পদের মালিক হওয়া সত্ত্বেও সম্পদের হক আদায় করেন না। একদা শফি আনিছকে বললেন, "সত্যিকারের ইমানদার হতে হলে, ইসলামের সব মৌলিক কাজ পালন করা আবশ্যক।"

ক. তাকওয়া শব্দের অর্থ কী? ১
খ. 'মিথ্যা সব পাপের মূল'— ব্যাখ্যা করো। ২
গ. আনিছের কর্মকাণ্ড ইসলামের দৃষ্টিতে ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে শফির উক্তির যথার্থতা মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

ইসলাম শিক্ষা প্রথম পত্র

বিষয় কোড | ২ | ৪ | ৯ |

সময় — ৩০ মিনিট

বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. ★ ইসলাম শব্দের অর্থ কী?
ক) সালাম প্রদান করা খ) অনুসরণ করা
গ) আত্মসমর্পণ করা ঘ) দোয়া করা

২. ★ উখওয়াত শব্দের অর্থ কী?
ক) সম্মেলন খ) সম্পর্ক
গ) ভ্রাতৃত্ব ঘ) সাহায্য-সহযোগিতা

৩. মসজিদকেন্দ্রীক বয়স্ক শিক্ষার মূল উদ্দেশ্য কোনটি দূরীভূত করা?
ক) বেকারত্ব খ) নিরক্ষরতা
গ) দারিদ্র্য ঘ) কুসংস্কার

**নিচের উদ্দীপকের আলোকে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**
ফয়েজ তার স্ত্রীকে গৃহের মধ্যে আবদ্ধ রাখেন। তিনি মনে করেন, নারীদের শুধু সন্তান দেখাশুনা ও গৃহস্থালীর কাজে নিয়োজিত থাকা উচিত। সামাজিক উন্নয়নে তাদের কোনো অবদান নেই। তার বন্ধু আরিফ এতে দুঃখ পান এবং নিম্নের আয়াতটি পাঠ করে শোনান—
"পুরুষেরা যা কিছু উপার্জন করল তা তাদেরই অংশ হবে, আর নারীরা যা কিছু উপার্জন করল তাও তাদেরই অংশ হবে।"

৪. আরিফ উল্লিখিত আয়াতের মাধ্যমে কী বোঝাতে চেয়েছেন?
ক) নারীর ক্ষমতায়ন
খ) নারী মুক্তির আন্দোলন
গ) নারী-পুরুষ পরস্পর সম্পূরক
ঘ) নারী স্বাধীনতা

৫. বর্ণিত উদ্দীপকে নারীদের সম্পর্কে ফয়েজের ধ্যান-ধারণা—
i. নারীর জন্য ক্ষতিকর
ii. ইসলামী শরীয়তের প্রতিফলন ঘটায়
iii. ভারসাম্যপূর্ণ উন্নয়নের অন্তরায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. ★ আদল (عدل) শব্দের অর্থ কী?
ক) ভরসা করা খ) আল্লাহভীতি
গ) কৃতজ্ঞতা ঘ) ন্যায়বিচার

৭. মানুষ ও জ্বীন জাতি সৃষ্টির মূল উদ্দেশ্য—
ক) বংশ বিস্তার খ) ইসলাম প্রতিষ্ঠা করা
গ) ইবাদত করা ঘ) জীবনে উন্নতি সাধন

৮. ইমাম সাহেব নেতৃত্ব দেবেন—
i. ইবাদতে
ii. নৈশ বিদ্যালয় পরিচালনায়
iii. সামাজিক কর্মকাণ্ডে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯. ★ মসজিদ শব্দের অর্থ কী?
ক) আল্লাহর ঘর খ) সিজদার স্থান
গ) ইবাদতের কেন্দ্র ঘ) প্রার্থনার জায়গা

১০. ইসলামের দৃষ্টিতে ইভটিজিং প্রতিরোধের প্রধান উপায় কোনটি?
ক) যৌতুক প্রথা বন্ধ কর
খ) নারীর অধিকার প্রতিষ্ঠা করা
গ) দৃষ্টি সংযত করা
ঘ) সামাজিক সম্প্রীতি

**নিচের উদ্দীপকের আলোকে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব শফিক পিতার মৃত্যুর পর ভাই-বোনদের মধ্যে সম্পদ বন্টন করে দিতে চাইলেন। তার ভাই নাজির বাধা দিয়ে বললেন, বোনেরা সম্পত্তি পাবে না। সম্পত্তির মালিক আমরা ভাইয়েরা। তারপরও জনাব শফিক বোনদের বাবার সম্পত্তি বুঝিয়ে দিলেন। কিছুদিন পর নাজির এক বোনের জমি জবর দখল করে নিজের নামে লিখে নেন এবং তাতে ভবন নির্মাণ করেন।

১১. নাজিরের কর্মকাণ্ডে প্রকাশ পেয়েছে—
ক) জিহাদ খ) আদল
গ) প্রতারণা ঘ) অধিকার হরণ

১২. জনাব শফিক সাহেবের কর্মকাণ্ডে সমাজে—
i. কলহ বৃদ্ধি করবে
ii. পারস্পরিক সু-সম্পর্ক বৃদ্ধি করবে
iii. ন্যায় বিচার প্রতিষ্ঠা করবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩. ★ রসায়ন শাস্ত্রের জনক কে?
ক) আল-রাযি খ) আল-বেরুনি
গ) ইবনে সিনা ঘ) জাবির ইবনে হাইয়ান

১৪. طلب كسب الحلال فريضة بعد الفريضة এটি কার বাণী?
ক) আল্লাহর
খ) হযরত মুহাম্মদ (স.) এর
গ) ওমর (রা.) এর
ঘ) উমর বিন আব্দুল আযীয (রা.)

১৫. ★ সব পাপের মূল—
ক) পরনিন্দা করা
খ) বাড়তি সুবিধা গ্রহণ করা
গ) অসত্য কথা বলা ঘ) বিশ্বাস করা

Teachingbd24.com

১৬. ইসলামের দৃষ্টিতে সুদ গ্রহণকারী—
ক পার্থিব আরাম আয়েশে থাকে
খ ক্ষণস্থায়ী শান্তি লাভ করে
গ জাহান্নামের অধিবাসী হবে
ঘ অঢেল সম্পদের মালিক হবে

১৭. দারুল আরকাম এর প্রতিষ্ঠাতা কে?
ক হযরত মুহাম্মদ (স.)
খ হযরত আবু বকর (রা.)
গ হযরত মুয়াবিয়া (রা.)
ঘ খলিফা আল-মামুন

১৮. মানসিক প্রশান্তি অর্জিত হয়—
ক আল্লাহর স্মরণে　　খ ধৈর্য্য ধারণে
গ মিথ্যা পরিহারে　　ঘ সত্যবাদিতায়

১৯. ইসলামী সংস্কৃতির চর্চার মূল লক্ষ্য হচ্ছে—
ক আল্লাহর সন্তুষ্টি অর্জন করা
খ দেশের উন্নতি সাধন করা
গ অশ্লীলতা দূর করা
ঘ পাশ্চাত্য সংস্কৃতির বিরোধিতা করা

২০. ★ মহান আল্লাহর পরিজন কারা?
ক মানবজাতি　　খ ফেরেশতাগণ
গ সমগ্র সৃষ্টি　　ঘ নবিগণ

২১. মোহর (المهر) স্ত্রীদের কোন ধরনের অধিকার?
ক অর্থনৈতিক　　খ সামাজিক
গ পারিবারিক　　ঘ মানবিক

২২. খিলাফত অর্থ—
ক শাসন করা　　খ বিচার করা
গ ইনসাফ করা　　ঘ প্রতিনিধিত্ব করা

**উদ্দীপকের আলোকে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।**
রেজা চৌধুরী একজন শিল্পপতি। তার অধীনে বহু শ্রমিক কর্মরত। তিনি তাদের ন্যায় পাওনা যথাসময়ে প্রদান করেন এবং তাদের সাথে যথাযথ আচরণ করেন। অন্যদিকে তার বন্ধু বাবুল সাহেব কারখানার ন্যায্য পাওনা প্রদানে গড়িমসি করেন। একদিন শ্রমিকরা পাওনা না পেয়ে কারখানা ভাঙচুর করে।

২৩. ★ রেজা চৌধুরীর ভূমিকা—
ক ন্যায়বিচার প্রতিষ্ঠা করবে
খ সমাজকে অস্থিতিশীল করবে
গ সমাজে শান্তি প্রতিষ্ঠা করবে
ঘ সামাজিক বিশৃঙ্খলা সৃষ্টি করবে

২৪. ★ উদ্দীপকে বাবুল সাহেবের কর্মকাণ্ড—
i. ন্যায় বিচারের পরিপন্থী
ii. অর্থনৈতিক অধিকারের অন্তরায়
iii. সমাজ বিনির্মাণে সহায়ক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

২৫. ★ ইসলামে বিবাহের মূল উদ্দেশ্য হচ্ছে—
ক বিনোদন　　খ বংশ বৃদ্ধি
গ পরিবার গঠন　　ঘ সমাজ গঠন

২৬. (حب الوطن) (হুব্বুল ওতানে) দিয়ে বোঝায়—
ক কৃতজ্ঞতাবোধ　　খ ধৈর্য্যধারণ
গ দেশপ্রেম　　ঘ নির্ভরশীলতা

**নিচের উদ্দীপকের আলোকে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:**
চলনবিল এলাকায় বিভিন্ন পেশা ও ধর্মের লোক বাস করে। বন্যাসহ বিভিন্ন দুর্যোগে তারা পারস্পরিক সহযোগিতার মাধ্যমে কাজ করে। তারা সবাই মিলে অনাহত সমস্যা সমাধানে ব্যয়ভার বহন করে। তাদের এ কর্মকাণ্ড দেখে ইমাম সাহেব বলেন, "এতে মহানবী (সা.) এর রাষ্ট্রব্যবস্থার আদর্শ ফুটে উঠেছে।"

২৭. চলনবিল এলাকাবাসী মহানবী (সা.) এর কোন আদর্শকে অনুসরণ করেছে?
ক ইসলামি ভ্রাতৃত্ব　　খ মানবাধিকার
গ মদিনার সনদ　　ঘ খিদমতে খালক

২৮. মহানবী (সা.) উক্ত আদর্শ গ্রহনের ফলে—
i. ধর্মীয় স্বাধীনতা নিশ্চিত হয়
ii. ভ্রাতৃত্ববোধ সৃষ্টি হয়
iii. ধনী-দরিদ্রের বৈষম্য বাড়ে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

২৯. ইসলামী রাষ্ট্রের উপাদান হল—
i. জনগণের সার্বভৌমত্ব
ii. ইসলামী শাসনতন্ত্র
iii. মজলিস-ই-শুরা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

৩০. উশর (عشر) শব্দের অর্থ কী?
ক অর্ধাংশ $\left(\frac{১}{২}\right)$
খ এক পঞ্চমাংশ $\left(\frac{১}{৫}\right)$
গ এক দশমাংশ $\left(\frac{১}{১০}\right)$
ঘ পনের ভাগের এক ভাগ $\left(\frac{১}{১৫}\right)$

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | খ | ৯ | খ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | গ |
| ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ক | ২০ | গ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | গ |

Teachingbd24.com